জুলাই-ডিসেম্বর ২০২২

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র




## সম্প্রীতির উৎসব

### 'সহাবস্থানের মূল্যবোধ সমুন্নত রাখতে হবে'

ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি), একশনএইড বাংলাদেশ, মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ), দ্য এশিয়া ফাউন্ডেশন, ব্রিটিশ হাইকমিশন, অ্যাম্বাসি অব ডেনমার্ক ঢাকা, নরওয়েজিয়ান অ্যাম্বাসি, ঢাকা এবং ইউএনডিপি বাংলাদেশের যৌথউদ্যোগে আন্তর্জাতিক সহনশীলতা দিবস উপলক্ষ্যে ১৬ নভেম্বর ২০২২ বাংলা একাডেমি প্রাঙ্গণে সম্প্রীতির উৎসব আয়োজন করা হয়। একাডেমি চত্বর, আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তন ও কবি শামসুর রাহমান সেমিনার কক্ষ সমন্বয়ে উৎসব মুখর এ অনুষ্ঠানে ছিল দিনভর আলোচনা, গান, নাচ, যুব সংলাপ, প্রদর্শনী, ফুডকোর্ট, আড্ডা।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ইউএনডিপির সহকারী আবাসিক প্রতিনিধি ভ্যান নুয়েন বলেন, বাংলাদেশের সমৃদ্ধ ও বৈচিত্র্যময় সাংস্কৃতিক, ধর্মীয় এবং জাতিগত সম্প্রীতির সুদীর্ঘ ঐতিহ্য রয়েছে। এ দেশ বৈচিত্র্যের মধ্যে একসাথে বসবাসের মূল্যবোধকে ধারণ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আখতারুজ্জামান সম্প্রীতির উৎসব আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, আমাদের দেশ চিরকালই সকল জাতি ও ধর্মের মানুষের মিলন ক্ষেত্র ছিল। মাঝে মাঝে কিছু অপশক্তি নানাভাবে আমাদের শান্তিপূর্ণ সহাবস্থান ও সম্প্রীতির মর্মমূলে আঘাত হানে। এই অনুষ্ঠান অপশক্তির বিরুদ্ধে প্রতিবাদী বার্তা।

নরওয়ে দূতাবাসের মিশনপ্রধান সিজলে ফিনস ওয়ানবো বলেন, নরওয়ে সবসময় বৈচিত্র্য ও সম্প্রীতিকে গুরুত্ব ও মর্যাদার সাথে বিবেচনা করে। বাংলাদেশও ভারসাম্যপূর্ণ ও সুষম উন্নয়নের লক্ষ্যে মানবিকতা, সম্প্রীতি ও সহাবস্থানের মূল্যবোধ সমুন্নত রাখতে ইতিবাচক ধারা বজায় রাখবে। ব্রিটিশ হাই কমিশনের উন্নয়ন পরিচালক ম্যাট ক্যানেল বলেন, বাংলাদেশে সহনশীলতা ও সম্প্রীতির সুদীর্ঘ ইতিহাস রয়েছে।

আইইডির নির্বাহী পরিচালক নুমান আহম্মদ খান বলেন, সামাজিক মাধ্যম ব্যবহার করে ধারাবাহিকভাবে ঘৃণামূলক বক্তব্য ও গুজব ছড়ানোর কাজে ব্যবহার করা, সংখ্যালঘু ও বিপদাপন্ন বা দুর্বল মানুষের প্রতি ঘৃণা ও সহিংসতার আহ্বান জানানো হচ্ছে। সংখ্যালঘু ও বিপন্ন মানুষের প্রতি ক্রমবর্ধমান উসকানি, বৈষম্য, ঘৃণা, অসহিষ্ণুতা এবং সহিংসতা প্রতিরোধে আমাদের বৈচিত্র্যের প্রতি মর্যাদা এবং শ্রদ্ধা প্রদর্শন উৎসাহিত করা প্রয়োজন। বাংলাদেশে ডেনমার্কের রাষ্ট্রদূত উইনি এস্ট্রাপ পিটারসন বলেন, সহনশীলতা আমাদের সবার জন্য খুবই গুরুত্বপূর্ণ। বিশ্বমানবতার স্বার্থেই সম্প্রীতি ও বৈচিত্র্যময় সংস্কৃতির প্রতি সম্মান ও মর্যাদা দান আমাদের দায়িত্ব ও কর্তব্য। দি এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রিপ্রেজেনটেটিভ কাজী ফয়সাল বিন সিরাজ বলেন, এক সময় ঢাকা বিশ্ববিদ্যালয় রাজনীতি ও সংস্কৃতি চর্চার মিলন ক্ষেত্র ছিল। বিভিন্ন জাতি ও ধর্মের মানুষের মধ্যে প্রাণবন্ত সংলাপের ধারা অব্যাহত ছিল। বর্তমান এই দুঃসময়ে সম্প্রীতির বাংলাদেশ তৈরিতে সবার সাথে প্রীতিপূর্ণ সংলাপের ধারা ফিরিয়ে আনা প্রয়োজন।

প্রধান অতিথির বক্তব্যে কথাসাহিত্যিক সেলিনা হোসেন বলেন, বাংলার প্রতিটি ঘরে সম্প্রীতির উৎসব পালন করা উচিৎ। সম্প্রীতির মন্ত্রে জনগণকে উজ্জীবিত হতে হবে। সব জাতি, ধর্ম, লিঙ্গের মানুষকে শ্রদ্ধার সাথে দেখা প্রতিটি ব্যক্তির দায়িত্ব। অনুষ্ঠানে আরো বক্তব্য দেন সংসদ সদস্য এরোমা দত্ত, একশন এইড বাংলাদেশের নাজমুল আহসান।

দিনব্যাপী অনুষ্ঠানে নাচ ও গান পরিবেশন করেন ট্রান্সজেন্ডার দল, পটগান পরিবেশন করে রূপান্তর। সঙ্গীত পরিবেশন করে রংপুরের টঙের গান, মাদল, এফমাইনর ও জলের গান।



# পরিবেশ ও ক্ষমতায়ন
আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র
জুলাই-ডিসেম্বর ২০২২


## আইইডির মিডিয়া ফেলোশিপ পেলেন ৬ তরুণ সাংবাদিক

তরুণ সাংবাদিক হিসেবে নির্দিষ্ট ক্যাটাগরিতে গুজব ও সুশাসন বিষয়ে বিশেষ প্রতিবেদনের জন্য মিডিয়া ফেলোশিপ পেয়েছেন ৬ জন। দি এশিয়া ফাউন্ডেশনের সহায়তায় ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভলপমেন্ট (আইইডি) এ ফেলোশিপ প্রদান করে। ২২ ডিসেম্বর ২০২২ রাজধানীর ফোক সেন্টারে আনুষ্ঠানিকভাবে এই ফেলোশিপের সনদপত্র, আর্থিক সম্মানী ও ক্রেস্ট তুলে দেওয়া হয়। মিডিয়া ফেলোশিপপ্রাপ্ত তরুণ সাংবাদিকরা হলেন বেসরকারি টেলিভিশন চ্যানেল নিউজ টোয়েন্টিফোরের হাসান ওয়ালী, দ্য ডেইলি স্টারের আব্দুল্লাহ মো. আব্বাস, চ্যানেল টোয়েন্টিফোর ডিজিটালের আহাম্মদ উল্লাহ সিকদার, ঢাকা পোস্টের আলকামা আজাদ, যায়যায়দিনের শামীম আহমেদ ও ঢাকা ট্রিবিউনের তানজিনা আমান তানজুম। অনুষ্ঠানে ফেলোশিপপ্রাপ্তদের হাতে সনদপত্র ও আর্থিক সম্মানী তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইইডির নির্বাহী পরিচালক নুমান আহম্মদ খান। অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) সাধারণ সম্পাদক ও আরটিভির বার্তা সম্পাদক আখতার হোসেন, নিউজ বাংলা টোয়েন্টিফোরের বার্তা প্রধান সঞ্জয় দে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক মৃধা মো. শিবলী নোমান, ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশনের (ক্যাব) সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আমীর মুহাম্মদ জুয়েল, শহর সমাজসেবা কর্মকর্তা কে এম শহীদুজ্জামান ও আইইডির সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়।




### ময়মনসিংহে তিনদিনব্যাপী প্রশিক্ষণ
## 'সামাজিক যোগাযোগ মাধ্যমে কুতথ্য প্রতিরোধে দরকার সবার অংশগ্রহণ'



সামাজিক মাধ্যমে কুতথ্য, গুজব, কূটতথ্য প্রতিরোধে শিক্ষক, সাংবাদিক, বিভিন্ন পেশাজীবী ও নাগরিক সমাজকে শক্তিশালীকরণের লক্ষ্যে ময়মনসিংহে তিন দিনব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ শেষ হয়েছে। গত ২৯ ডিসেম্বর ২০২২ সকালে নগরীর ডিবি রোডে গ্রামাউস কনফারেন্স রুমে এ প্রশিক্ষণের প্রথমদিনের আলোচনায় রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক ড. শান্তনু মজুমদার বলেন, 'দেশজুড়ে গুজব বা কুতথ্য ছড়িয়ে পড়ছে। এতে সহিংসতা বাড়ছে, ঘটছে হানাহানি। সামাজিক সম্প্রীতি বৃদ্ধি করতে কুতথ্য প্রতিরোধে সব শ্রেণি-পেশাজীবীর অংশগ্রহণের বিকল্প নেই।'

দি এশিয়া ফাউন্ডেশনের সহায়তায় ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) আয়োজিত এ প্রশিক্ষণে স্থানীয় নাগরিক সমাজ সদস্য, সরকারি কর্মকর্তা, সাংবাদিক, স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষক, স্থানীয় জনপ্রতিনিধি, ধর্মীয় নেতাসহ নানা শ্রেণিপেশার ৩০ জন নাগরিক অংশগ্রহণ করেন। উদ্বোধনী আলোচনায় আরো অংশ নেন যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক কৃষিবিদ আবুল কাশেম, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক আব্দুল্লাহ আল মুক্তাদির, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক তানভীর আহমেদ নোমান, বাকৃবি শিক্ষক সমিতির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মোবারক হোসেন, ডিকেজিএস ইউনাইটেড কলেজের অধ্যক্ষ মাসুদুল হাসান আরিফ, আইইডির কেন্দ্রীয় সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়, তথ্য-যোগাযোগ প্রযুক্তি গবেষক ও আইইডির সহকারী সমন্বয়কারী সিয়াম সারোয়ার জামিল, ময়মনসিংহ কেন্দ্রের ব্যবস্থাপক নুর নাহার বেগম, উন্নয়ন কর্মকর্তা কাজী শাখাওয়াত হোসেন, কর্মসূচি সংগঠক আবদুল হাকীম পারভেজসহ আরও অনেকে।

## সাতক্ষীরার মুন্ডাপল্লীতে হামলার প্রতিবাদে ঢাকায় জনউদ্যোগের শিকল মিছিল

সাতক্ষীরায় মুন্ডাপল্লীতে হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের পাদদেশে মানবন্ধনসহ বিক্ষোভ কর্মসূচি পালন করে জনউদ্যোগসহ কয়েকটি সংগঠন। ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্টের (আইইডি) সহযোগিতায় ২৬ আগস্ট ২০২২, শনিবার সকালে তারা 'শিকলবন্দী আদিবাসী, শিকল ছিড়ে বেরিয়ে এসো' প্রতিপাদ্য নিয়ে বিক্ষোভ করেন। এতে জনউদ্যোগ, উত্তরবঙ্গ আদিবাসী ফোরাম ও হিউম্যান রাইটস ডিফেন্ডার্স ফোরামের সদস্যরা অংশ নেন। প্রতীকী শিকল গলায় পরে ও হাতে লাল কার্ড নিয়ে মিছিল করেন তারা।জনউদ্যোগের সদস্যসচিব তারিক হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন মানবাধিকারকর্মী চন্দন লাহিড়ী, উত্তরবঙ্গ আদিবাসী ফোরামের সাধারণ সম্পাদক প্রভাত টুডু, বাংলাদেশ আদিবাসী ফোরামের সহ-সাংগঠনিক সম্পাদক হরেন্দ্রনাথ সিং, হিউম্যান রাইটস ডিফেন্ডারস ফোরামের সদস্যসচিব সুরতি সিং, ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্টের সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়, ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক দীপক শীল।

বক্তারা বলেন, মুন্ডা সম্প্রদায়ের জমি প্রজাস্বত্ব আইনে জেলা প্রশাসকের অনুমতি ছাড়া হস্তান্তরযোগ্য নয়। অথচ অনিয়ম করে সেটিই করা হয়েছে। শুধু সাতক্ষীরার শ্যামনগর নয়, দেশজুড়ে আইপি জনগোষ্ঠীর মানুষেরা নানাভাবে নির্যাতনের শিকার হচ্ছেন। অবিলম্বে হামলার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান বক্তারা।




## ভৈরব নদ থেকে বালু উত্তোলন বন্ধে যশোর জনউদ্যোগের সংবাদ সম্মেলন

ভৈরব নদ থেকে বালু উত্তোলন বন্ধের দাবিতে ৮ ডিসেম্বর ২০২২ শহরের আইইডি যশোর কার্যালয়ে জনউদ্যোগের সংবাদ সম্মেলন হয়েছে। পরে জেলা প্রশাসককে স্মারকলিপি প্রদান করা হয়। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রাণ ভৈরবনদ থেকে বালু উত্তোলন বন্ধ হয়নি। একজন ঠিকাদার শহরের বাবলাতলা ব্রিজের অদূরে ভৈরব নদ থেকে প্রকাশ্যে বালু উত্তোলন করছে বলে দাবি করেছে জনউদ্যোগ যশোর।



সংবাদ সম্মেলনে জনউদ্যোগ সদস্য রুকুনউদ্দৌলাহ বলেন, গত মে-জুন মাসে ভৈরব নদ থেকে ড্রেজিং মেশিন দিয়ে বালু উত্তোলন করে পাইপলাইন দিয়ে এক কিলোমিটারের বেশি দূরে পুলিশ লাইনের মধ্যবর্তী একটি পুকুর ভরাট করা হয়। এখনও ঠিকাদার ভৈরবনদ থেকে বালু তুলছে। এতে দুই পাড়ের ভূমি ধস ও পরিবেশ বিপর্যয়ের আশংকা রয়েছে।

বালু উত্তোলন বন্ধে সংগঠনটি সংবাদ সম্মেলন করে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছে। নেতৃবৃন্দ যশোর জেলা প্রশাসককে স্মারকলিপি প্রদান করে। লিখিত বক্তব্যে আরো বলা হয়, পরিবেশ বিপর্যয়মূলক এ ধরনের কার্যক্রম চললেও প্রশাসন থেকে দৃশ্যমান কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এজন্য 'জনউদ্যোগ যশোর'র পক্ষ থেকে জেলা প্রশাসকের সুদৃষ্টি আশা করে। যশোর জেলা প্রশাসক মো. তমিজুল ইসলাম খান বলেন, জনউদ্যোগ যশোর স্মারকলিপি দিয়েছে। ভৈরব নদ থেকে বালু উত্তোলন বন্ধে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জনউদ্যোগ আহ্বায়ক প্রকৌশলী নাজির আহমেদ, মাহাবুবুর রহমান মজনু, আইনজীবী মাসুমা বেগম, আইইডি ব্যবস্থাপক বীথিকা সরকার, জনউদ্যোগ সদস্যসচিব কিশোর কুমার কাজল প্রমুখ।

জুলাই-ডিসেম্বর ২০২২

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

## গাইবান্ধায় সাঁওতাল নারীদের ঐতিহ্যবাহী তীর ছোঁড়া প্রতিযোগিতা

গাইবান্ধার গোবিন্দগঞ্জে সাঁওতাল নারীদের ক্রীড়া ও ঐতিহ্যবাহী তীর ছোঁড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ২৬ নভেম্বর ২০২২ দুপুরে গোবিন্দগঞ্জ উপজেলার সাপমারা ইউনিয়নের জয়পুর এলাকায় এ প্রতিযোগিতার আয়োজন করে গাইবান্ধা জনউদ্যোগ। এতে অর্ধশতাধিক সাঁওতাল নারী অংশ নেন। প্রতিযোগিতা শেষে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় আদিবাসী-বাঙালি সংহতি পরিষদের আহবায়ক অ্যাডভোকেট সিরাজুল ইসলাম বাবুর সভাপতিত্বে বক্তব্য রাখেন ক্রীড়া সংগঠক ওয়াজিউর রহমান রাফেল, বাগদাফার্ম ভূমি উদ্ধার সংগ্রাম কমিটির সভাপতি ফিলিমন বাস্কে, জনউদ্যোগের কেন্দ্রীয় সদস্য সচিব তারিক হোসেন, গাইবান্ধা জনউদ্যোগের সদস্য সচিব প্রবীর চক্রবর্তী, আদিবাসী নেত্রী প্রিসিলা মুরমু প্রমুখ।



## শেরপুর জনউদ্যোগের আয়োজনে সাত কীর্তিময়ী নারীকে সম্মাননা



আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস-২০২২ উদযাপন উপলক্ষে শেরপুরে অনুষ্ঠিত নারী সমাবেশে জেলার ৭ কীর্তিময়ী নারীকে সম্মাননা প্রদান করা হয়। ১০ ডিসেম্বর দুপুরে শেরপুর পৌরসভার মুক্তমঞ্চে জনউদ্যোগ শেরপুর কমিটি 'কীর্তিময়ী নারী সম্মাননা-২০২২' প্রদান করে। সম্মাননাপ্রাপ্ত নারীরা হলেন- শিক্ষায় ঢাকা শিক্ষাবোর্ডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক তাসলিমা বেগম, সমাজসেবায় রাজিয়া সামাদ ডালিয়া, লেখালেখিতে কবি অধ্যাপক খালেদা রায়হান রুবি, নারীর ক্ষমতায়নে শামছুন্নাহার কামাল, নারী অধিকার সংগঠক লুৎফুন্নাহার, মুক্তিযুদ্ধে শরণার্থী ক্যাম্পের স্বেচ্ছাসেবক কল্যাণী কর্মকার ও তৃণমূলের অনুপ্রেরণাদায়ী নারী কৃষাণী অহলা কোচ।

অনুষ্ঠানের শুরুতে সম্মাননাপ্রাপ্ত ৭ কৃতী নারীকে ফুল দিয়ে বরণ করে নেয় নারী রক্তদান সংস্থা, এনসিটিএফ ও ফাইট ফর চিলড্রেনস রাইটস, রক্তসৈনিক বাংলাদেশ, যুব ফোরামের সদস্যরা। পরে তাদের গায়ে উত্তরীয় জড়িয়ে হাতে সম্মাননা স্মারক তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানে বক্তারা তাদের জীবন ও কর্মের উপর বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন ও সম্মাননাপ্রাপ্ত নারীরা নিজেদের অনুভূতি প্রকাশ করেন। এ উপলক্ষে সম্মাননাপ্রাপ্তদের সংক্ষিপ্ত জীবনী নিয়ে একটি ভাঁজপত্র প্রকাশ করা হয়।

জনউদ্যোগ আহ্বায়ক শিক্ষক আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে নারী সমাবেশে প্রধান অতিথি শেরপুর পৌরসভার মেয়র গোলাম মোহাম্মদ কিবরিয়া। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ মো. আব্দুর রশিদ, খেলাঘর আসরের জেলা কমিটির সভাপতি অ্যাডভোকেট ইমাম হোসেন ঠান্ডু, জেলা জাসদ সভাপতি মনিরুল ইসলাম লিটন, মডেল গার্লস কলেজের অধ্যক্ষ তপন সারোয়ার।

জনউদ্যোগ সদস্যসচিব হাকিম বাবুল-এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক অধ্যক্ষ শাহী উম্মুল বানীন, শিক্ষাবিদ অধ্যাপক শিবশংকর কারুয়া, নারী নেত্রী আইরীন পারভীন, আঞ্জুমান আলম লিপি, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ শেরপুর নারী ইউনিটের সভাপতি সুলতানা হোসনে জাহান রত্না, বিশিষ্ট বিতার্কিক শুভংকর সাহা, জেলা পরিষদের সদস্য অ্যাডভোকেট ফারহানা পারভীন মুন্নী, জেলা তৃতীয়লিঙ্গ গণগোষ্ঠি কল্যাণ সমিতির সভাপতি নিশি সরকার, আবৃত্তিকার সোহাগী আক্তার প্রমুখ।

এসময় নকলা প্রেসক্লাবের সভাপতি মো. মোশারফ হোসাইন, বিশিষ্ট বিতার্কিক ও জনউদ্যোগ সদস্য ইমতিয়াজ চৌধুরীসহ জনউদ্যোগ শেরপুরের সকল সদস্য, শেরপুর নারী রক্তদান সংস্থা, এনসিটিএফ ও ফাইট ফর চিলড্রেনস রাইটস, রক্তসৈনিক বাংলাদেশ, যুব ফোরাম, ক্লিন আপ বাংলাদেশ, শেরপুর ও নকলা প্রেসক্লাবের সাংবাদিক নেতৃবৃন্দ ও স্থানীয় সাংবাদিকগণ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গসহ বিভিন্ন পেশা শ্রেণির নাগরিকরা উপস্থিত ছিলেন।

IED

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২২

## মহেশ্বরপাশা স্কুল অব আর্ট ভবন সংরক্ষণের দাবিতে মানববন্ধন




দেশের প্রথম অঙ্কনশিল্প শিক্ষা প্রতিষ্ঠান শিল্পী শশিভূষণ পাল প্রতিষ্ঠিত মহেশ্বরপাশা স্কুল অব আর্ট ভবন সংরক্ষণের দাবিতে মানববন্ধন হয়েছে খুলনায়। জনউদ্যোগ, গুণীজন স্মৃতি পরিষদ ও চারুশিল্পী সংসদ যৌথভাবে ২৩ আগস্ট ২০২২ শনিবার বেলা ১১টায় নগরীর পিকচার প্যালেস মোড়ে এ মানববন্ধনের আয়োজন করে। মানববন্ধনে বক্তারা বলেন, উন্নয়নের নামে দেশের প্রথম অঙ্কনশিক্ষা প্রতিষ্ঠান নষ্ট করা যাবে না। এই ভবনটি সরকারের প্রত্নতত্ত্ব বিভাগ কর্তৃক সংরক্ষণ করতে হবে। যে কোন মূল্যে এটিকে রক্ষা করবে খুলনাবাসী। সংস্কারের অঙ্গীকার করে কমিটি করে তা ভাঙার ষড়যন্ত্র কোনোভাবে মানা হবে না। কার স্বার্থে এগুলো ধ্বংস করা হচ্ছে তা খতিয়ে দেখতে হবে।

মানববন্ধনে সভাপতিত্ব করেন নাগরিক নেতা ও বীর মুক্তিযোদ্ধা আফম মহসীন। সঞ্চালনা করেন কালেরকণ্ঠের ব্যুরো প্রধান গৌরাঙ্গ নন্দী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জনউদ্যোগ খুলনার সদস্যসচিব মহেন্দ্রনাথ সেন। মানববন্ধনে বক্তব্য রাখেন সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাবেক সভাপতি মিনা মিজানুর রহমান, সিপিবির মহানগর সভাপতি মিজানুর রহমান বাবু, ওয়ার্কার্স পাটির মহানগর সভাপতি মফিদুল ইসলাম, দেলোয়ার হোসেন দিলু, আওয়ামী লীগ নেতা বীরেন্দ্র নাথ ঘোষ, পোল্ট্রি ফিস ফিড দোকান শিল্প মালিক সমিতির মহাসচিব এসএম সোহরাব হোসেন, খুলনা উন্নয়ন ফোরামের কো-চেয়ারপারসন ডা. মোসাদ্দেক হোসেন বাবলু, প্রমুখ।

বক্তারা বলেন, আমরা ইতোমধ্যে শত বছরের ঐতিহ্য পৌরভবন, ডাকবাংলো ভবন, পোস্টমাস্টার জেনারেলের কার্যালয় হারিয়েছি। হারাতে বসেছি মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন সার্কিট হাউজের নির্যাতন কেন্দ্র, শতবর্ষী করোনেশন হল ও বাংলাদেশে শিল্পকলার পথিকৃত শশিভূষণ পাল কর্তৃক ১৯০৪ সালে প্রতিষ্ঠিত দেশের প্রথম অঙ্কনশিক্ষা প্রতিষ্ঠান। যা ইতিহাস-ঐতিহ্যপ্রিয় মানুষেরা কোনোভাবেই এটা মেনে নিতে পারে না। মানববন্ধন থেকে বেলা ১১টায় জেলা প্রশাসকের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করা হয়।

## জনউদ্যোগের অনুপ্রেরণায় শেরপুরে হিজড়াদের লাশ দাফনে কবরস্থান নির্মাণের ঘোষণা দিলেন এসপি

সমাজে ট্রান্সজেন্ডার বা হিজড়া মানুষের মৃত্যুর পর লাশ সৎকার নিয়ে হরহামেশা বিড়ম্বনা পোহাতে হয়। বিষয়টি জানার পর শেরপুরে সরকারি গুচ্ছগ্রামে বসবাসকারী হিজড়াদের জন্য পৃথক কবরস্থান নির্মাণের ঘোষণা দিয়েছেন পুলিশ সুপার মো. কামরুজ্জামান বিপিএম। সেইসাথে জেলার তালিকাভুক্ত ৫২জন হিজড়ার মধ্যে যে কারও মৃত্যু ঘটলে তিনি তার মরদেহ সৎকার ও দাফনের সকল ব্যয় ব্যক্তিগতভাবে বহনের দায়িত্ব নেওয়ার কথাও জানান।

জনউদ্যোগ শেরপুর-এর অনুপ্রেরণায় ও উদ্যোগে ৩০ অক্টোবর ২০২২ শেরপুর জেলা হিজড়া কল্যাণ সংস্থার ৫ম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার এই ঘোষণা দেন। রোববার সন্ধ্যায় শেরপুর সদর উপজেলার আন্ধারিয়া-সুতিরপাড় এলাকায় ট্রান্সজেন্ডার জনগোষ্ঠির গুচ্ছগ্রাম প্রাঙ্গণে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেককাটা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে শেরপুর জেলা হিজড়া কল্যাণ সংস্থা। অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট নাগরিকদের সাথে জনউদ্যোগ আহ্বায়ক শিক্ষক আবুল কালাম আজাদ এবং জনউদ্যোগের সদস্যসচিব হাকিম বাবুল উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জেলা পুলিশ সুপার মো. কামরুজ্জামান হিজড়াদের পাশে থেকে তাদের জীবনযাত্রার মানউন্নয়ন ও বিভিন্ন সমস্যা সমাধান করার বিষয়ে প্রতিশ্রুতি দেন। এজন্য তিনি স্থানীয় ইউপি চেয়ারম্যানকে সুবিধাজনক একটি স্থান নির্বাচনে তাকে সহযোগিতা করার আহ্বান জানিয়ে বলেন, কবরস্থানের বিষয়টি দ্রুত বাস্তবায়ন করা হবে। সেই সাথে তিনি যেখানেই থাকুক না কেন এই জনগোষ্ঠীর কারোর শেষকৃত্যের সময় সকল খরচ নিজ অর্থায়নে সারাজীবন বহন করবেন বলে প্রতিজ্ঞাবদ্ধ হন।

## যশোরে গ্রামীণ নারী দিবসের শোভাযাত্রা



সারাদেশের মতো যশোরেও পালিত হলো 'বিশ্ব গ্রামীণ নারী দিবস'। আইইডিসহ কয়েকটি সংগঠনের যৌথ উদ্যোগে ১৫ অক্টোবর ২০২২ বিকালে ৪.৩০টায় শহরে দড়াটানা ভৈরব চত্বর থেকে শোভাযাত্রা বের হয়। অধ্যাপক সুরাইয়া শরীফের সভাপতিত্বে শোভাযাত্রায় উপস্থিত ছিলেন সাংবাদিক ও জনউদ্যোগ সদস্য রুকুনোদ্দৌল্লাহ, ধনঞ্জয় বিশ্বাস, কামরুন্নাহার কণা, জেলা এনজিও সমন্বয়ক শাহজাহান নান্নু, শিখা বিশ্বাস, বঞ্চিতার পরিচালক সুজন হোসেন, ডা. আহসান হাবিব, আইইডি যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকার প্রমুখ।

১৯৯৫ সালে বেইজিংয়ে অনুষ্ঠিত জাতিসংঘের চতুর্থ নারী সম্মেলনে ১৫ অক্টোবরকে আন্তর্জাতিক গ্রামীণ নারীদিবস পালনের প্রস্তাব গৃহীত হয়। ১৯৯৭ সাল থেকে জেনেভাভিত্তিক একটি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা উইমেনস ওয়ার্ল্ড সামিট ফাউন্ডেশন দিবসটি পালন করে। গ্রামীণ উন্নয়ন, খাদ্যনিরাপত্তা ও দারিদ্র্য দূরীকরণসহ নানাক্ষেত্রে গ্রামীণ নারীদের ভূমিকার স্বীকৃতিস্বরূপ বিশ্বজুড়ে দিবসটি পালিত হচ্ছে।

নেতৃবৃন্দ বলেন, গ্রামের নারীরা বিভিন্নভাবে নির্যাতিত হচ্ছে প্রতিনিয়ত। তারা গৃহস্থালীসহ কৃষিকাজের সাথে সারাক্ষণ যুক্ত থেকে পরিবার ও সামাজে ভূমিকা রাখছেন। তাদের গৃহস্থালি কাজের স্বীকৃতি পেলে বৈষম্য অনেক কমে যাবে।

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২২


## ময়মনসিংহে নারী দলের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ




নারী দল সদস্যের চাহিদার ভিত্তিতে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের অর্থনৈতিক ক্ষমতায়নের পথ সুগম করার লক্ষ্যে ১৩-১৭ নভেম্বর ২০২২ আইইডি প্রশিক্ষণ কক্ষে ৫ দিনব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (হ্যান্ড পেইন্ট) অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সার্বিক দায়িত্বে ছিলেন কেন্দ্রের প্রোগ্রাম অর্গানাইজার (মার্কেট এন্টারপ্রাইজ) সুবর্ণা দাস। সহায়ক ছিলেন নারীউদ্যোক্তা এসএও মুনমুন। প্রশিক্ষণে আকুয়া, বাঁশবাড়ি, গোহাইলকান্দি মীরবাড়ি, গোহাইলকান্দি খালপাড় এবং পুরোহিতপাড়ার ২০ জন সদস্য অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণে হ্যান্ড পেইন্ট করার কৌশল শেখানো হয়। তারা রং তৈরির প্রয়োজনীয় উপকরণ, রং তৈরির নিয়ম, রং এর মিশ্রণ, মৌলিক রং, পেইন্ট করার কৌশল, বিভিন্ন ধরনের পেইন্ট যেমন ওয়াশ, ব্রাশ পেইন্ট ও ডিজাইন সম্পর্কে জেনেছেন। আগ্রহ করে নিজেই কাপড়ে ডিজাইন করে পেইন্ট করেছেন।

প্রশিক্ষণ শেষে অনুভূতি জানিয়ে যুথি বলেন, এ কাজ শিখে খুব ভাল লেগেছে, আমি আমার দলসদস্যদের সাহায্য নিয়ে অনলাইনে কাজ করব। রানু বলেন, এ প্রশিক্ষণে যতটুকু শিখেছি তা চর্চা করব এবং অনলাইন ও অফলাইনে কাজ শুরু করব। ইয়াসমিন বলেন, আমি অল্প পুঁজি নিয়ে অল্প করে কাজ শুরু করব। সহায়ক এসএও মুনমুন বলেন, প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা যথেষ্ঠ মনোযোগী ছিল এবং তারা সময়মত এসেছে। তারা ভালভাবেই কাজ শিখেছে, তারা যদি বাসায় অনুশীলন করে তবে অনেক ভাল করবে। আর যেকোন কাজ করতে গিয়ে কেউ যদি কোন সমস্যার সম্মুখীন হয় তবে আমার সাথে যোগাযোগ করলে আমি সহায়তা করব। কেন্দ্রের ব্যবস্থাপক নূর নাহার বেগম বলেন, ৫দিনব্যাপী এ কাজ তখনই সার্থক হবে যখন এটাকে কাজে লাগাবেন, বাস্তবায়ন করবেন। আলাদা করে না হলেও অন্তত কয়েকজন মিলে যদি উদ্যোগী হয়ে কাজটা করা যায় সে চেষ্টা করবেন। আশাকরি উদ্যোক্তা হিসেবে নিয়মিত উপার্জন করবেন।

## ময়মনসিংহে স্থানীয় সেবা ও সহায়তা প্রাপ্তিতে ইন্টারেকটিভ সভা




আইইডি ময়মনসিংহ কেন্দ্রের সভাকক্ষে ২৩ নভেম্বর ২০২২ নারী দলসদস্য এবং সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সাথে স্থানীয় সেবা ও সহায়তা প্রাপ্তিতে ইন্টারেকটিভ সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার মাকসুদা খাতুন। সভায় সরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবা সম্পর্কে, বিশেষ করে সমাজসেবা অধিদপ্তরের বিভিন্ন সেবা, যেমন বয়স্কভাতা, বিধবাভাতা, প্রতিবন্ধীভাতা, হিজড়াভাতা, বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ভাতা এবং পাঁচটি দুরারোগ্য ব্যাধির (ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগতভাবে হার্টে ছিদ্র) জন্য এককালীন ৫০ হাজার টাকা ভাতা সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়া হাসপাতালে সমাজসেবা কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রতিবন্ধী ভাতা পেতে যে কোন বয়সী প্রতিবন্ধী প্রয়োজনীয় সকল ডকুমেন্টস নিয়ে শহর সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করবে। সকল বয়সী, সব ধরনের প্রতিবন্ধীই ভাতার আওতাভুক্ত হবে।

## ময়মনসিংহে জীবনদক্ষতা প্রশিক্ষণ

চাহিদার ভিত্তিতে তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ক্ষমতায়নের পথ সুগম করার লক্ষ্যে ময়মনসিংহ কেন্দ্রে ১৩-১৭ নভেম্বর ২০২২ দলসদস্যদের জন্য ৩ দিনব্যাপী জীবন দক্ষতা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

এতে মোট ৪০ জন নারীনেত্রী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে নেতা ও নেতৃত্ব কী, নেতৃত্বেও বিভিন্ন ধরন, নেতৃত্ব বিকাশের বাধা, যোগ্য নেতা গড়ে তোলার উপায়, নেতার করণীয় ও বর্জনীয় দিকসমূহ, পারিবারিক বাজেট কী, প্রণয়নের উদ্দেশ্য,পরিকল্পনার গুরুত্ব, পারিবারিক আয়-ব্যয়ের হিসাব রাখার পদ্ধতি, সঞ্চয় করা কেনো দরকার, ঋণ নেয়া কি খারাপ, সময় ব্যবস্থাপনা, এর গুরুত্ব ও ব্যবহার, প্রতিদিনের রুটিন, ব্যক্তিগত তথ্য একই রাখার প্রয়োজনীয়তা, ব্যক্তি ও পরিবারের সম্পদের যথাযথ সংরক্ষণ, সঞ্চয় করার পদ্ধতি ইত্যাদি বিষয় সর্ম্পকে আলোচনা হয়।



# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২২


## পারিবারিক বাজেট নিয়ে পুরুষদলে আলোচনা

ময়মনসিংহ আকুয়া জুবিলি কোয়ার্টারে ১৪ অক্টোবর ২০২২ পুরুষদলে সচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নারীর ক্ষমতায়নে পুরুষ দলের ভূমিকা ও আইইডির সহযোগিতা নিয়ে আলোচনা করা হয়। আইইডি দীর্ঘদিন যাবত নারীদের জীবনমান উন্নয়নে কাজ করছে। বর্তমানে নারীরা অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হচ্ছে, পরিবারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারছে। নারীদের এগিয়ে যাওয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন পরিবারের পুরুষ সদস্যরা। পুরুষদের সহিষ্ণু আচরণ, ইতিবাচক মনোভাব নারীদের এগিয়ে যাওয়ার জন্য সহায়ক।

অনুষ্ঠানে পারিবারিক বাজেট নিয়েও আলোচনা হয়। কোন পরিবারের জন্য নির্দিষ্ট সময়ে আয়-ব্যয় ও সঞ্চয় করার পূর্ব পরিকল্পনাকে পারিবারিক বাজেট বলে। নির্দিষ্ট সময় বলতে সাপ্তাহিক, মাসিক বা বাৎসরিকও হতে পারে। বর্তমানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে সাধারণ মানুষ নিত্য প্রয়োজনীয় দ্রব্য ক্রয়ে বা জীবনধারণে হিমশিম খাচ্ছে। যে কারণে অনেক সময় মাস শেষে কিছু ঋণও যুক্ত হয়। বর্তমান সময়ে খরচের লাগামহীনতার কারণে সঞ্চয়ের কথা মাথায় আনা যায় না।

এছাড়া অধিকাংশ মানুষই কোন পরিকল্পনা ছাড়াই সংসারে ব্যয় করে থাকে। ফলে অনেক অপ্রয়োজনীয় ব্যয় হয়ে যায়। পরিবারে বাজেট পরিকল্পনা করে চলার চেষ্টা করলে আয়-ব্যয়ের সমন্বয় করার পাশাপাশি অনেক অপ্রয়োজনীয় ব্যয় কমিয়ে সঞ্চয় করা সম্ভব।

এছাড়া এলাকার উন্নয়নে পুরুষ দলের ভূমিকা, বিভিন্ন সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবা পেতে পরিবারের পুরুষদের করণীয় সম্পর্কেও আলোচনা হয়।



## স্কুল স্যানিটেশন বিষয়ক সচেতনতাসভা




ব্রাদার গিউম স্মৃতি বলাশপুর আবাসন ও মুক্তিযোদ্ধাপল্লী উচ্চ বিদ্যালয়ে স্কুল স্যানিটেশন বিষয়ক সচেতনতাসভা অনুষ্ঠিত হয়। নারী ফোরাম এর আয়োজনে ও আইইডি ময়মনসিংহ কেন্দ্রের সহায়তায় ২০ নভেম্বর ২০২২ অনুষ্ঠিত সভায় ৬০ জন ছাত্রী উপস্তিত ছিলেন। নারী ফোরামের আহবায়ক সৈয়দা সেলিমা আজাদ সভাপতিত্বে সভায় মূখ্য আলোচক ছিলেন নারী ফোরাম সদস্য আফরোজা আক্তার কনা। উপস্থিত ছিলেন নারী ফোরাম সদস্য কামরুন্নাহার, সুরাইয়া ইয়াছমিন, হাসনাহেনা, আইইডি ময়মনসিংহ কেন্দ্রের ব্যবস্থাপক নূর নাহার বেগম ও স্কুলের প্রধান শিক্ষক এসএম মামুন।

শুরুতে সৈয়দা সেলিমা আজাদ নারী ফোরাম এর কার্যক্রম সংক্ষেপে তুলে ধরেন। ব্যবস্থাপক নূর নাহার বেগম আইইডির কার্যক্রম সম্পর্কে এবং স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি বিষয়ক সচেতনতামূলক কর্মসূচির উদ্দেশ্য ব্যাখ্যা করেন।

আফরোজা আক্তার কনা বলেন, স্যানিটেশন বা পরিস্কার পরিচ্ছন্নতা খুবই গুরুত্বপূর্ণ। তিনি স্কুলে স্যানিটেশন কার্যক্রমের গুরুত্ব সর্ম্পকে বলেন, আজকের সুস্থ মা ভবিষ্যতে একটি সুস্থ জাতি উপহার দেবে, তাই আমাদের সবাইকে সুস্থ থাকতে হবে। এজন্য অবশ্যই পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে। তিনি শিক্ষার্থীদের কাছে তাদের বিদ্যালয়ের স্যানিটেশন ব্যবস্থা জানতে চান। তিনি বলেন, নিয়মিত হাত ধোয়ার অভ্যাস, পিরিয়ডের সময় স্যানিটারি ন্যাপকিন বা পরিস্কার কাপড় ব্যবহার করতে হবে। সুরাইয়া ইয়াছমিন বলেন, পিরিয়ডের সময় যেকোন সমস্যায় লজ্জা না পেয়ে একে অপরের সাথে শেয়ার করবে।

## রাজশাহী, নাটোর ও শেরপুরে আইপি এইচআরডিদের নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২২

## বিশ্ব আলঝেইমার্স ডে ২০২২ উপলক্ষ্যে আলোচনাসভা



আইইডির উদ্যোগে ২৫ সেপ্টেম্বর ২০২২ রাজধানীর ফোক সেন্টারে বিশ্ব আলঝেইমার্স ডে ২০২২ উপলক্ষ্যে আলোচনাসভা, কবিতা পাঠ, গান ও গল্প বলা অনুষ্ঠান আয়োজন করা হয়। প্রতি বছর ২১ সেপ্টেম্বর বিশ্বব্যপী দিবসটি উদযাপিত হয়। মানুষের স্মৃতিভ্রমের এই বিষয়টি নিয়ে সারা বিশ্বে আলোচনা ও গবেষণা চলমান। যাদের এই সমস্যা দেখা দেয় তাদের অধিকাংশ ৬০ বছর বা তার অধিক বয়সের মানুষ। তবে চল্লিশ বা তার পূর্বে থেকে ধীরে ধীরে এই সমস্যা প্রকট হতে থাকে। সাধারণত এধরণের রোগীদের নিকট অতীতের কোনো ঘটনা বা বিষয় তার মনে থাকে না। এ ধরনের সমস্যার আরো একটি বড় বিষয় হলো সে তার নিকটজনদেরকেও চিনতে পারে না।

এই রোগের কোনো ঔষধ বা প্রতিকার এখনো আবিষ্কার না হওয়ায় রোগীর পরিবারের সদস্যদের খুব সতর্ক থাকতে ও রোগীকে সার্বক্ষণিক যত্ন, পরিচর্যা ও নজরে রাখতে হয়।

আলঝেইমার্স সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য এ দিবস পালিত হয়। এটি এক ধরনের ডিমেনশিয়া রোগ। দিন দিন এই রোগ ভয়াবহ আকারে বেড়েই চলেছে। তাই মানুষকে সচেতন ও সতর্ক করতেই বিশ্বজুড়ে দিবসটি পালিত হয়।

১৯০১ সালে প্রথমবার একজন জার্মান মনোবিদ অ্যালয়েজ অ্যালঝেইমার এই রোগটিকে চিহ্নিত করেন, তখন থেকেই একে অ্যালঝেইমার্স রোগ নামে ডাকা হয়। এই রোগটি তিনি একজন ৫৫ বছর বয়সী নারীর মধ্যে চিহ্নিত করেছিলেন। ১৯০৬ সালে ঐ নারীর মৃত্যুর পর তিনি রোগটি সম্পর্কে বিস্তারিত জানান। এরপরের ৫ বছর বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে একই ধরনের কেস আসতে থাকে। আর তখন থেকে এই রোগটিকে অ্যালঝেইমার্স বলা শুরু হয়। এবার দিবসটির প্রতিপাদ্য- *ডিমেনশিয়া কী জানুন, অ্যালঝেইমার্স কী জানুন।*

## ইন্টারন্যাশনাল ইন্ডিজিনাস ডে ২০২২



আইইডির আয়োজনে ৮ আগস্ট ২০২২ রাজধানীর ফোক সেন্টারে ইন্টারন্যাশনাল ইন্ডিজিনাস ডে ২০২২ উপলক্ষ্যে আলোচনা ও সাংস্কৃতিক আয়োজন করা হয়।

দিনব্যপী আলোচনায় সভাপতিত্ব করেন আইইডির সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়। অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন প্রাণবৈচিত্র্য গবেষক পাভেল পার্থ, জনউদ্যোগ সদস্য চন্দন লাহিড়ী, আইইডির সমন্বয়কারী মো. হামিদুজ্জামান, সঞ্চিতা তালুকদার, সহযোগী সমন্বয়কারী সুবোধ এম বাস্কে, সহকারী সমন্বয়কারী হরেন্দ্রনাথ সিং, সিয়াম সারোয়ার জামিল, আদিবাসী শিল্পী শ্যাম সাগর মানকিন। সঞ্চালনা করেন আইইডির সমন্বয়কারী তারিক হোসেন।

এবারের দিবসটির মূল প্রতিপাদ্য ছিলো 'ঐতিহ্যগত বিদ্যা সংরক্ষণ ও বিকাশে নারীসমাজের ভূমিকা'।

আলেঅচনাসভা শেষে দিনাজপুরের সাঁওতাল সংস্কৃকিত সংগঠন সারজম বাহার শিল্পীরা গান ও নাচ পরিবেশন করে সকলকে মুগ্ধ করেন।

সম্পাদক : নুমান আহম্মদ খান

ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) কর্তৃক

কল্পনা সুন্দর, ১৩/১৪ বাবর রোড (৩য় তলা), ব্লক বি, মোহাম্মদপর হাউজিং এস্টেট, ঢাকা থেকে প্রকাশিত ও প্রচারিত এবং কারপাস থেকে মুদ্রিত

ফোন : (৮৮০-২) ৪১০২২৫৫০৯, ই-মেইল : ieddhaka@gmail.com ওয়েবঃ www.iedbd.org